

০৫ নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ

ধুনট, বগুড়া।






পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ কমিটির সভার কার্য বিবরণী

স্থান : ভান্ডারবাড়ী ইউপি

সময় : ১০:০০

তারিখ : ০৪/০৩/২০২১

সন : ২০২১

ক্র: নং	নাম	কমিটিতে পদবী	পদবী	স্বাক্ষর
০১	মোছাঃ আরজিনা খাতুন	সভাপতি	ইউ.পি সদস্যা	
০২	মোঃ নুরুল আমীন	সদস্য সচিব	সমাজসেবক	
০৩	মোঃ আজম	সদস্য	গণ্যমান্য	
০৪	মোঃ রুবেল	সদস্য	গণ্যমান্য	
০৫	মোছাঃ আরজিনা	সদস্য	সমাজসেবিকা	

আলোচ্য বিষয়ঃ

- ১। গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
 - ২। পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
 - ৩। বিবিধ
- অধ্যকার সভা সভাপতি জনাব মোছাঃ আরজিনা খাতুন সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হইল।

০১ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ

অধ্যকার সভায় গত সভার কার্য বিবরণী পাঠ করিয়া তাতে শুনানি দেওয়া হয় এবং তাতে কোন প্রকার সংযোজন ও বিয়োজন না থাকায় তাহা সর্ব সম্মতিতে অনুমোদন দেওয়া হয়।

০২ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ

অধ্যকার সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, নারী ও শিশু যাতে করে সমাজে সম দিকারে বসবাদ করতে পারেন সেদিকে নজর রাখতে হবে। সভাপতি সাহেব আরও বলেন যে, প্রতিটি মানুষের সমান অধিকারের ভিত্তিতে বেছে থাকার অধিকার আছে। কারন সকল নাগরিকের সমান অধিকার আছে। প্রতিটি পরিবারে কোন না কোন সমস্যা জীবনের কোন না কোনসময়ে হয়। তার জন্য পারিবারিকভাবে সমস্যার মোকাবেলা করা দরকার। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে সংশ্লিষ্ট কমিটির সাথে সমন্বয় সাধন ও এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য কার্যক্রম গ্রহন। তিনি বলেন যে, সমাজের মানুষ হিসাবে সমস্যা হতেই পারে। নারী ও শিশু পাচার প্রতিরোধকল্পে সংশ্লিষ্ট কমিটির সাথে সমন্বয় সাধন ও সহযোগিতা প্রদান করা। নারী ও শিশুদের কল্যাণে নিয়োজিত সরকারী ও বেসরকারী সংস্থার সাথে সমন্বয় সাধন ও সহযোগিতা করা। নারী ও শিশু কল্যাণের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও নারী অধিকার বাস্তবায়ন বিষয়ের পর্যবেক্ষণ এবং এ বিষয়ে পরিষদকে অবহিত করা। এই সংক্রান্ত যাবতীয় কার্যাবলী। তিনি বলেন যে, নারীরা যাতে করে প্রতিহিংসার শিকার না হয় সেদিকে নজর রাখতে হবে। তিনি বলেন যে, শিশুদেরকে নজরদারির ভিতরে রাখতে হবে যাতে করে তারা কোন অপরাধমূলক কাজ করতে না পারে। তাই পারিবারিকভাবে মোকাবেলা করা আমাদের কর্তব্য। নারী ও শিশু বিষয়ক জাতীয় দিবস উৎযাপনে ইউনিয়ন পরিষদকে উৎসাহিত ও সহযোগিতা প্রদান করা। শিশু শ্রম বন্ধে এলাকাবাসীকে উদ্বুদ্ধ করা। ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন প্রকল্পে নারীদের কাজের সুযোগ সৃষ্টিতে সহায়তা করা।

৩বিবিধ: অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কাজ সমাপ্ত করেন।



মোছাঃ আরজিনা খাতুন

সভাপতি

পারিবারিক বিরোধ নিরসন,

নারী ও শিশু কল্যাণ

ভান্ডারবাড়ী ইউপি, ধুনট, বগুড়া

মোছাঃ আরজিনা খাতুন
পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ
০৫ নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ
ধুনট, বগুড়া।